

QP Code: 22/PT/1/III

স্নাতকোত্তর পাঠক্রম ( P.G. )

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা ( Term End Examination ) : জুন, ২০২২ / ডিসেম্বর, ২০২২

বাংলা ( Bengali )

তৃতীয় পত্র (3rd Paper : PRACHIN, MADHYAYUGIO,  
ADHUNIK KABITA )

সময় : চার ঘন্টা

পূর্ণমান : ১০০

Time : 4 hours

Full Marks : 100

( মানের গুরুত্ব : ৮০% )

( Weightage of Marks : 80% )

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সুচিত আছে।

**Special credit will be given for precise and correct answer. Marks will be deducted for spelling mistakes, untidiness and illegible handwriting.**

**The figures in the margin indicate full marks.**

১. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন ( অনধিক ৪৫০ শব্দে ) : ১৮ × ২ = ৩৬
- ক) সোনে ভরিতী করুণা নারী ।  
রূপা ক্ষেই নাহিক ঠাবী ॥ — ( ৮ সংখ্যক চর্যা ) চর্যাগীতিটিতে বৌদ্ধ সাধনার যে ইঙ্গিতটুকু প্রকাশিত, তা ব্যাখ্যা করো। কোন্ পথ পারাপারের কথা এখানে বলা হয়েছে তা বুঝিয়ে দিন। এই পদের পদকর্তার সম্পর্কে কী তথ্য জানা যায় তা লিখুন। ৬ + ৮ + ৪
- খ) কৃষ্ণদাস কবিরাজের 'শ্রীচৈতন্যচরিতামৃত' কাব্যে শ্রীচৈতন্যের আবির্ভাবের মুখ্য কারণটি সম্পর্কে কী নির্দেশ করা হয়েছে? এই কাব্যটির আদিলীলা ও মধ্যলীলায় রাধাতত্ত্ব কীভাবে বর্ণিত হয়েছে এবং তাতে রাধার শ্রেষ্ঠত্ব প্রতিষ্ঠার বিষয়টি বর্ণনা করুন। ৬ + ৬ + ৬
- গ) কেতকাদাস ক্ষেমানন্দের মনসামঙ্গল কাব্যের অনুসরণে বেহুলা চরিত্রটি বিচার করুন। এই মঙ্গলকাব্যে সামাজিক ইতিহাসের যে বিচিত্র উপাদান লক্ষিত হয় তা নির্দেশ করুন। ১২ + ৬
- ঘ) কবি মধুসূদন দত্ত 'মেঘনাদবধ কাব্যের' সূচনায় যে প্রতিশ্রুতি দিয়েছেন পরিণতিতে তা কতখানি রক্ষিত হয়েছে? কাব্যটি অবলম্বনে আপনার মতামত জানান।

PG/TE-2066

[ Turn over

২. যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন ( অনধিক ৩০০ শব্দে ) : ১২ × ৩ = ৩৬

ক) বিদ্যাপতির পদে — “নব অনুরাগিনি রাধা ।

কছু নাহি মানএ বাধা ।” —

কীভাবে রাধা অভিসার যাত্রার জন্য প্রস্তুতি নিয়েছেন তা বিস্তারিত বিবরণ লিখুন ।

খ) ‘সবলা’ কবিতায় রবীন্দ্রনাথ নারীর যে মহীয়সী রূপ অঙ্কন করেছেন তার স্বাতন্ত্র্য ও বৈশিষ্ট্য প্রকাশ করুন ।

গ) ‘বিদ্রোহী’ কবিতার কাব্যভাবনায় বিদ্রোহী ও প্রতিবাদী মানুষের মর্মকথা কীভাবে প্রকাশিত হয়েছে আলোচনা করুন ।

ঘ) যতীন্দ্রনাথ সেনগুপ্তের ‘ঘুমের ঘোরে’ কবিতা অবলম্বনে কবির জীবনদর্শন বুঝিয়ে দিন । ৮ + ৪

ঙ) কবি জীবনানন্দ দাশের ‘মৃত্যুর আগে’ কবিতায় জীবনের অপরূপ রূপ, অবচেতনা ও চিত্ররূপময়তা কীভাবে মূর্ত হয়েছে তা বিশ্লেষণ করুন ।

চ) অমিয় চক্রবর্তীর ‘ইতিহাস’ কবিতায় বাংলা কবিতার আধুনিকত্ব কীভাবে প্রকাশিত হয়েছে ?

৩. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দিন ( অনধিক ১৫০ শব্দে ) : ৭ × ৪ = ২৮

ক) চর্যাপদে প্রকাশিত সেকালের সমাজজীবনের প্রসঙ্গ আলোচনা করুন ।

খ) ‘মেঘনাদবধ কাব্যের চতুর্থ সর্গের গুরুত্ব আলোচনা করুন ।

গ) আলাওল অনুসরণে ষড়ঋতু বর্ণনে তাঁর কৃতিত্বের পরিচয় দিন ।

ঘ) ‘মেঘদূত’ কবিতাটি কোন্ কাব্যের অন্তর্ভুক্ত ? কালিদাসের ‘মেঘদূত’ কাব্যের মূল বিষয় এই কবিতাটিতে কতখানি প্রতিফলিত হয়েছে ব্যক্ত করুন ।

ঙ) সাধারণ মেয়ে’ কবিতার সাধারণ মেয়ে কি সত্যিই সাধারণ হয়ে থাকতে চেয়েছে ? তার অসাধারণত্ব কোথায় প্রকাশ পেয়েছে — তা স্পষ্ট করুন ।

চ) ‘উটপাখী’ একটি প্রতীকধর্মী কবিতা — আলোচনা করুন ।

ছ) সপ্তসঙ্গ ব্যাখ্যা করুন :

“জানি জানি, এ তপস্যা দীর্ঘ রাত্রি করিছে সন্ধান চঞ্চলের মৃত্যুশ্রোতে আপন উন্মত্ত অবসান দুরন্ত উল্লাসে ।”

জ) টীকা লিখুন :

অমিয় চক্রবর্তীর কবিতায় বিজ্ঞানের ভূমিকা ।